তারিখ 04 MAR 2017

দৈনিক ইত্তেফাক

# খোকসায় এসএসসির খাতা ছিনতাই নাটকের অবসান

■ খোকসা (কুষ্টিয়া) সংবাদদাতা

খোকসায় এসএসসি পরীক্ষার খাতা ছিনতাই নাটকের অবসান হয়েছে। উদ্ধার হয়েছে ছিনতাই হওয়া খাতা।

বৃহস্পতিবার যশোর শিক্ষা বোর্ড থেকে মূল্যায়নের জন্য এসএসসি পরীক্ষার শরীর চর্চা বিষয়ের ২৫০টি খাতা নিয়ে বাড়ি ফিরছিলেন আমবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আব্দুল হান্নান। সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ভ্যানযোগে বাড়ি যাওয়ার সময় একই গ্রামের আলতাপ খানের ছেলে অনিফ পূর্ব শত্রুতার জের ধরে আক্রমণ করে। রাতেই থানায় হাজির হয়ে খাতা ছিনতাইয়ের অভিযোগ করেন শিক্ষক আব্দুল হান্নান। খবর পেয়ে উপজেলা নির্বাহী অফিসার সেলিনা বানু এবং অফিসার ইনচার্জ খোকসা নাজমুল হুদা আমবাড়ীয়ার বিভিন্ন স্থানে অভিযান চালায়। পরে শিক্ষক আব্দুল হান্নানের বাড়ির পাশ থেকে খাতা উদ্ধার করে থানায় নিয়ে আসে। এ বিষয়ে যশোর শিক্ষা বোর্ডের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে উপজেলা নির্বাহী অফিসার জানিয়েছেন।